# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## আঞ্চলিক পাসপোর্ট অফিস, কক্সবাজার।

rpocoxbazar@passport.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

**ভিশন :** পাসপোর্ট সেবা পদ্ধতি সহজিকরণের মাধ্যমে জনগণের সেবার মান বৃদ্ধি করা।

**মিশন :** নির্বিঘ্নে ও যথাসময়ে শতভাগ আবেদনকারীকে যথাযথ পাসপোর্ট সেবা প্রদান এবং অফিসের সেবা ও অবকাঠামোগত উন্নয়ন।

<table>
<tr><th>ক্র. নং</th><th>সেবার নাম</th><th>সেবা প্রদান পদ্ধতি</th><th>প্রয়োজনীয় কাগজপত্র</th><th>প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান</th><th>সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি</th><th>সেবা প্রদানের সময়সীমা</th><th>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td><td>(৭)</td><td>(৮)</td></tr>
<tr>
<td></td>
<td>ইলেক্ট্রনিক পাসপোর্ট (E-Passport) ইস্যু।</td>
<td>অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়।</td>
<td>
নতুন ই-পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে:<br>
১। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ও ফি প্রদানের এ চালান রশিদ।<br>
২। মূল জাতীয় পরিচয়পত্র (NID) ও ফটোকপি/ মূল জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version (যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য)।<br>
[ক) ১৮ বছরের নিচে হলে জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
গ) ২০ বছরের উর্ধ্বে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক।]<br>
৩। পিতা/ মাতার মূল NID ও ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে মূল অনলাইন NID/ BRC Verified কপি)।<br>
৪। মূল নাগরিকত্ব সনদ ও ফটোকপি/ ছবিযুক্ত মূল প্রত্যয়নপত্র ও ফটোকপি।<br>
৫। প্রযোজ্য ক্ষেত্রে পেশাগত সনদ ও বর্তমান ঠিকানার সপক্ষে দলিলাদি।<br>
৬। ০৬ (ছয়) বছর বয়সের নিচের আবেদনকারীর ক্ষেত্রে 3R সাইজের ০১ (এক) কপি ল্যাব প্রিন্ট গ্রে ব্যাকগ্রাউন্ড রঙিন ছবি।<br>
৭। আবেদনপত্রের উপর ভিত্তি করে অন্যান্য দলিলাদি।<br>
<br>
ই-পাসপোর্ট রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে:<br>
১। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ও ফি প্রদানের এ চালান রশিদ।<br>
২। মূল জাতীয় পরিচয়পত্র (NID) ও ফটোকপি/ মূল জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version (যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য)।<br>
[ক) ১৮ বছরের নিচে হলে জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
গ) ২০ বছরের উর্ধ্বে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক।]<br>
৩। পিতা/ মাতার মূল NID ও ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে মূল অনলাইন NID/BRC Verified কপি)।<br>
৪। মূল নাগরিকত্ব সনদ ও ফটোকপি/ছবিযুক্ত মূল প্রত্যয়নপত্র ও ফটোকপি।<br>
৫। প্রযোজ্য ক্ষেত্রে পেশাগত সনদ, বর্তমান ঠিকানার সপক্ষে দলিলাদি।<br>
৬। মূল পাসপোর্ট/ মূল পাসপোর্ট হারিয়ে গেলে অনলাইন জিডি।<br>
৭। তথ্য সংশোধনের ক্ষেত্রে অঙ্গীকারনামা ও অফিস প্রধান বরাবর দরখাস্ত।<br>
৮। ৬ (ছয়) বছর বয়সের নিচের আবেদনকারীর ক্ষেত্রে 3R সাইজের ০১ (এক) কপি ল্যাব প্রিন্ট গ্রে ব্যাকগ্রাউন্ড রঙিন ছবি।<br>
৯। প্রযোজ্য ক্ষেত্রে স্বামী/স্ত্রীর নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিবাহ সনদ/ নিকাহনামা/কাবিননামা এবং বিবাহ বিচ্ছেদ হলে Divorced Letter, স্বামী/স্ত্রী মৃত হলে মৃত্যু সনদ।<br>
১০। আবেদনপত্রের উপর ভিত্তি করে অন্যান্য দলিলাদি।<br>
<br>
GO/NOC/PRL এর ক্ষেত্রে:<br>
১। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/ কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে:<br>
❖ আবেদনকারীর অনুকূলে প্রদত্ত অনাপত্তি সনদ (NOC/GO) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড/প্রদর্শিত থাকা।<br>
২। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ও ফি প্রদান এ চালান রশিদ।<br>
৩। মূল জাতীয় পরিচয়পত্র (NID) ও ফটোকপি/ মূল জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version (যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য)।<br>
[ক) ১৮ বছরের নিচে হলে জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ (BRC) English Version।<br>
গ) ২০ বছরের উর্ধ্বে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক।]<br>
৪। মূল পাসপোর্ট/ মূল পাসপোর্ট হারিয়ে গেলে অনলাইন জিডি।<br>
৫। তথ্য সংশোধনের ক্ষেত্রে অঙ্গীকারনামা, অফিস প্রধান বরাবর দরখাস্ত, এসএসসি/ সমমানের শিক্ষা সনদের কপি, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ণ (সার্ভিস রেকর্ড)।<br>
৬। ৬ (ছয়) বছর বয়সের নিচের আবেদনকারীর ক্ষেত্রে 3R সাইজের ০১ (এক) কপি ল্যাব প্রিন্ট গ্রে ব্যাকগ্রাউন্ড রঙিন ছবি।<br>
৭। প্রযোজ্য ক্ষেত্রে স্বামী/স্ত্রীর নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিবাহ সনদ/ নিকাহনামা/কাবিননামা এবং বিবাহ বিচ্ছেদ হলে Divorced Letter, স্বামী/স্ত্রী মৃত হলে মৃত্যু সনদ।<br>
৮। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী ও ১৫ বছরের কম বয়সী সন্তানের ক্ষেত্রে (NOC) সুবিধা প্রযোজ্য হবে।<br>
৯। অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে PRL Order/ পেনশন বই সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Web Site এ Upload থাকতে হবে।<br>
১০। অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী'র ক্ষেত্রে PRL সুবিধা প্রযোজ্য হবে।<br>
১১। আবেদনপত্রের উপর ভিত্তি করে অন্যান্য দলিলাদি।<br>
<br>
Super Express এর ক্ষেত্রে:<br>
❖ দেশের অভ্যন্তরে অতি জরুরি পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা হলে অন্যান্য সকল তথ্য সঠিক থাকা সাপেক্ষে ০২(দুই) কর্মদিবসের মধ্যে পাসপোর্ট প্রদান করা যাবে। তবে এ পাসপোর্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে সংগ্রহ করতে হবে।<br>
❖ যাদের পূর্বে Passport রয়েছে এবং তথ্য অপরিবর্তিত তারাই কেবল ই-পাসপোর্ট এর Super Express সেবা পাবেন।<br>
<br>
পাসপোর্ট উত্তোলনের ক্ষেত্রে:<br>
১) মূল ডেলিভারি স্লিপ এবং পূর্বের পাসপোর্ট (যদি থাকে)<br>
২) মূল ডেলিভারি স্লিপ হারিয়ে গেলে সাধারণ ডায়েরি (জিডি) এর মূল কপি।
</td>
<td>ই-পাসপোর্ট ওয়েবসাইট www.epassport.gov.bd - এ আবেদনসহ নির্দেশনা রয়েছে।</td>
<td colspan="2">
বাংলাদেশে আবেদনকারীদের জন্য ফি:
<table>
<tr><th rowspan="2">পৃষ্ঠা সংখ্যা</th><th rowspan="2">মেয়াদ</th><th colspan="3">বিতরণের ধরণ ও সেবা প্রদানের সময়সীমা</th></tr>
<tr><th>নিয়মিত (১৫ কর্ম দিবস)</th><th>জরুরী (৭ কর্ম দিবস)</th><th>অতীব জরুরী (২ কর্ম দিবস)</th></tr>
<tr><td rowspan="2">৪৮ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>৪,০২৫ (টাকা)</td><td>৬,৩২৫ (টাকা)</td><td>৮,৬২৫ (টাকা)</td></tr>
<tr><td>১০ বছর</td><td>৫,৭৫০ (টাকা)</td><td>৮,০৫০ (টাকা)</td><td>১০,৩৫০ (টাকা)</td></tr>
<tr><td rowspan="2">৬৪ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>৬,৩২৫ (টাকা)</td><td>৮,৬২৫ (টাকা)</td><td>১২,০৭৫ (টাকা)</td></tr>
<tr><td>১০ বছর</td><td>৮,০৫০ (টাকা)</td><td>১০,৩৫০(টাকা)</td><td>১৩,৮০০ (টাকা)</td></tr>
</table>
❖ এ-চালান (Automated Chalan) এর মাধ্যমে জমাকৃত ফি গ্রহণযোগ্য হবে।<br>
❖ বয়স ১৮ বছরের নিম্নে সকল আবেদনকারীর ক্ষেত্রে ই-পাসপোর্টের মেয়াদ ০৫ (পাঁচ) বছর হবে।<br>
❖ বয়স ১৫ বছরের নিম্নে সকল আবেদনকারীদের ক্ষেত্রে বাবা/মায়ের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>
<br>
ফরম পূরণে সতর্কতা:<br>
❖ আবেদনপত্রে অবশ্যই সঠিক তথ্য প্রদান করতে হবে।<br>
❖ আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য দিয়ে থাকলে আপনি আইনতঃ দন্ডনীয় হবেন।<br>
❖ পূর্বের Passport এর সাথে তথ্যের গড়মিল থাকলে NID/BRC অনুযায়ী আবেদন করতে হবে। যার ক্ষেত্রে যেটা প্রযোজ্য।<br>
❖ ফরম পূরণ ও ব্যাংকে টাকা জমাদানের সময় নামের বানানে কোন ডট (.) হাইপেন (-) কমা (,) ক্লোন (:) ইত্যাদি ব্যবহার করা যাবে না (NID/BRC তে থাকলেও)।<br>
❖ শিক্ষা বা চাকুরীসূত্রে প্রাপ্ত পদবী সমূহ যেমন-ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডক্টর, পিএইচডি, এডভোকেট, এডভোকেট ইত্যাদি নামের অংশ হিসাবে ব্যবহার করা যাবে না।<br>
❖ আবেদনকারীর পিতা, মাতা, স্বামী/ স্ত্রী এ সকল তথ্য প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি মৃত হলে তার/ তাদের নামের পূর্বে মৃত/ মরহুম/ লেট (LATE) লেখা যাবে না।
</td>
<td>উপ-পরিচালক<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস<br>কক্সবাজার।<br><br>E-mail:<br>rpocoxbazar@passport.gov.bd</td>
</tr>
</table>

# আঞ্চলিক পাসপোর্ট অফিস, কক্সবাজার

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।